



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৮ মার্চ ২০২৪ খ্রি.

দরিদ্র রোজাদারদের পাশে দাঁড়ানো মহান ইবাদত: মেয়র রেজাউল

দরিদ্র রোজাদারদের ইফতার ও সেহেরি সামগ্রী প্রদানের মাধ্যমে ইসলামের সুমহান শিক্ষা বাস্তবায়ন করা প্রয়োজন বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

শনিবার নগরীর সদরঘাটের ৭১ ঝাবে পৰিত্র রমজান মাস উপলক্ষে ৩১ নং আলকরণ ওয়ার্ড কাউন্সিলর আবদুস সালাম মাসুমের উদ্যোগে ৮০০ পরিবারের মাঝে ইফতার সামগ্রী বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ মন্তব্য করেন তিনি।

মেয়র বলেন, রোজা মানে কেবল উপবাস থাকা নয়। ইসলাম রোজা রাখা বাধ্যতামূলক করেছে যাতে সমাজে যারা স্বচ্ছ তারা ক্ষুধাপিড়িত মানুষদের যন্ত্রণা উপলক্ষ করতে পারে। দরিদ্র রোজাদারদের পাশে দাঁড়ানো মহান ইবাদত। আসুন সবাই মিলে দরিদ্র রোজাদাররা যাতে ইফতার ও সেহেরির অভাবে রোজা রাখতে কষ্ট না পান সে বিষয়টি নিশ্চিত করি।

এসময় উপস্থিত ছিলেন চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক মশিউর রহমান চৌধুরী, মহানগর যুবলীগের সভাপতি মাহাবুবুল হক সুমন, মহিলা কাউন্সিলর নিলু নাগ, রহল আমীন তপন, শওকত হোসাইন, মোঃ ইব্রাহিম, মোঃ আমির হোসেন, ফজলুল হক, আবদুল মতিন, কাঞ্জন চৌধুরী, মোঃ শফিউল আজম, মোঃ জাহেদ, মীর মোহম্মদ কায়সার, রঞ্জন চৌধুরী, শাহনেওয়াজ রাজীবসহ এলাকাবাসী।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮